# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: তোমাকে যখন জিজ্ঞেস করা হয়, আল্লাহর নিকট আমল কবুল হওয়ার শর্তসমূহ কী কী?

উত্তর: বল, দু’টি শর্ত পাওয়া না গেলে আল্লাহর নিকট আমল কবুল হয় না। প্রথম শর্ত: একমাত্র আল্লাহর জন্যে আমল করা। এর দলীল আল্লাহ তাআলার বাণী:

وَمَآ أُمِرُوٓاْ إِلَّا لِيَعۡبُدُواْ ٱللَّهَ مُخۡلِصِينَ لَهُ ٱلدِّينَ حُنَفَآءَ [البينة: ٥]

“আর তাদেরকে কেবল এই নির্দেশ দেওয়া হয়েছে যে, তারা যেন আল্লাহর ইবাদত করে তার জন্য দীনকে একনিষ্ঠ করে”। [সূরা আল-বায়্যিনাহ, আয়াত: ৫] তিনি আরো বলেন,

فَمَن كَانَ يَرۡجُواْ لِقَآءَ رَبِّهِۦ فَلۡيَعۡمَلۡ عَمَلٗا صَٰلِحٗا وَلَا يُشۡرِكۡ بِعِبَادَةِ رَبِّهِۦٓ أَحَدَۢا [الكهف: ١١٠]

“সুতরাং যে তার রবের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে এবং তার রবের ইবাদতে কাউকে শরীক না করে”। [সূরা আল-কাহাফ, আয়াত: ১১০]

দ্বিতীয় শর্ত: আমলটি সেই শরীয়ত মোতাবেক হওয়া, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিয়ে এসেছেন। এর দলীল আল্লাহ তা‘আলার বাণী:

قُلۡ إِن كُنتُمۡ تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحۡبِبۡكُمُ ٱللَّهُ [ال عمران: ٣١]

“বল, যদি তোমরা আল্লাহকে ভালোবাসো, তাহলে আমার অনুসরণ কর। ফলে আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন”। [সূরা আল-ইমরান, আয়াত: ৩১] আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “যে এমন আমল করল যার ওপর আমাদের আদর্শ নেই, সেটি প্রত্যাখ্যাত”। এটি সহীহ মুসলিম বর্ণনা করেছেন। অতএব আমলটি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ মোতাবেক না হয়, তাহলে সেটি কবুল করা হবে না। যদিও আমলকারী মুখলিস হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন